

Model Activity task 2021 September

Model Activity Part – 6 | Class-6 | Geography

মডেল অ্যাক্টিভিটি টাস্ক ২০২১ | সেপ্টেম্বর

ষষ্ঠ শ্রেণী| পরিবেশ ও ভূগোল | পার্ট -৬

১ বিকল্প থেকে ঠিক উত্তরটি নির্বাচন করে লেখ

১.১ উত্তর আমেরিকা ও ইউরোপের মাঝ বরাবর অবস্থিত মহাসাগরটি হল

ক) প্রশান্ত মহাসাগর খ) আটলান্টিক মহাসাগর গ) ভারত মহাসাগর ঘ) সুমেরু মহাসাগর

১.২ পশ্চিমবঙ্গের জলবায়ুর প্রকৃতি

ক) উষ্ণ-আর্দ্র খ) শীতল- আর্দ্র গ) শীতল- শুষ্ক ঘ) উষ্ণ- শুষ্ক

১.৩ ভারতের একটি পশ্চিমবাহিনী নদী হল

ক) কাবেরী খ) গোদাবরী গ) নর্মদা ঘ) মহানদী

২ স্তম্ভ মেলাও:

ক স্তম্ভ	খ স্তম্ভ
২.১ আর্দ্রতা	ii) হাইগ্রোমিটার
২.২ ভারতের সর্বোচ্চ শৃঙ্গ	iii) গডউইন অস্টিন
২.৩ অখণ্ড স্থলভাগ	i) প্যানজিয়া

৩ সংক্ষিপ্ত উত্তর দাও

৩.১ বিকিরণ পদ্ধতিতে কীভাবে পৃথিবীর বায়ুমণ্ডল উত্তপ্ত হয়?

উঃ সূর্য থেকে বিকিরণ পদ্ধতিতে আগত তাপশক্তি বায়ুমণ্ডলের মধ্য দিয়ে এলেও বায়ুমণ্ডলকে উত্তপ্ত না করে প্রথমে কঠিন ভূপৃষ্ঠকে উত্তপ্ত করে। ভূপৃষ্ঠের তাপ বিকীর্ণ হওয়ার ফলে ভূপৃষ্ঠের সংলগ্ন বায়ুস্তর উত্তপ্ত হয়। ভূপৃষ্ঠের সংলগ্ন বায়ু উত্তপ্ত ও হালকা হয়ে উপরে চলে যায়। তখন উপরের শীতল বায়ু এখানকার শূন্যস্থান পূরণ করতে ছুটে আসে। সেও আবার উত্তপ্ত হয়ে উপরে উঠে যায়। এইভাবে নীচ থেকে উপরে ও উপর থেকে নীচে বায়ু চলাচলের ফলে পরিচালন ক্রিয়ায় বায়ুমণ্ডল উত্তপ্ত হয়।

৩.২ বিশ্ব উষনায়নের কারণে পৃথিবীর শীতলতম মহাদেশ কীভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে?

উঃ দক্ষিণ মেরুতে চিরতুষারে ঢাকা অ্যান্টার্কটিকা মহাদেশের আবহাওয়া, প্রাকৃতিক পরিবেশ সারা পৃথিবীর জলবায়ুর ভারসম্য রক্ষা করে। কিন্তু বিশ্ব উষনায়ন, ওজোন স্তর ক্ষয়, বায়ুদূষণ ইত্যাদির

কারণে অ্যান্টার্কটিকার দুষণ্মুক্ত বিশুদ্ধ প্রাকৃতিক পরিবেশ, মেঘমুক্ত স্বচ্ছ আকাশ, নির্মল বাতাস সবকিছুই এখন চরম সঙ্কটে। ক্রমাগত গরম বাড়ার ফলে প্রতিদিন একটু একটু করে গলে যাচ্ছে অ্যান্টার্কটিকার বরফ। ফলে মহাদেশের আয়তন কমে যাচ্ছে। ক্রিল, সিল, পেঙ্গুইন সবারই সংখ্যা কমে যাচ্ছে। নষ্ট হচ্ছে অ্যান্টার্কটিকার প্রাকৃতিক ভারসম্য।

৪ অরণ্য সংরক্ষণ করা কেন প্রয়োজন বলে তুমি মনে কর?

উঃ অরণ্য আমাদের বন্ধু। অরণ্যকে রক্ষা করা প্রয়োজন কারণ অরণ্য আমাদের-

(ক) গাছ বায়ু থেকে কার্বনডাইঅক্সাইড গ্রহণ করে, এবং আমাদের অক্সিজেন প্রদান করে।

(খ) অরণ্য বৃষ্টিপাত ঘটাতে সাহায্য করে।

(গ) অরণ্য বন্যা ও ক্ষরা নিয়ন্ত্রন করে।

(ঘ) অরণ্য থেকে আমরা মধু, মোম, আঠা, রজন, কাঠ ইত্যাদি পেয়ে থাকি।

(ঙ) অরণ্য মৃত্তিকা ক্ষয় রোধ করে।

(চ) বন্য প্রাণীর আশ্রয়স্থল, বাস্তুতন্ত্রের ভারসম্য রক্ষা করে।

তাই পৃথিবীকে বসবাসের যোগ্য রাখতে আমাদের অরণ্যকে রক্ষা করা প্রয়োজন

সমাধান

www.somadhan.info